

# তরুণদের জন্য গ্রামীণফোন-সিম্ফনির স্মার্টফোন ‘অ্যাটম ফাইভ’

**আশফাক আহমেদ**

তরুণদের জন্য দ্বৈত উদ্যোগে গ্রামীণফোন ও সিম্ফনি নিয়ে এসেছে বাংলাদেশে নির্মিত সাশ্রয়ী দামের ফোরজি স্মার্টফোন মডেল ‘অ্যাটম ফাইভ’। এই স্মার্টফোনে প্রিমিয়াম সব ফিচার সুবিধা রয়েছে। অত্যাধুনিক প্রযুক্তি সুলভ মূল্যে তরুণদের হাতে পৌঁছে দিতে এমন উদ্যোগ। স্মার্টফোন মডেল ‘অ্যাটম ফাইভ’-এর ডিসপ্লে ৬.৭৫ ইঞ্চি। এইচডি প্লাস ডিসপ্লের অ্যাটম ফাইভ মডেলে রয়েছে ১.৬ গিগাহার্টজ অক্টাকোর প্রসেসর। ৪ জিবি সম্প্রসারণযোগ্য ৮ জিবি র‌্যাম ও ৬৪ জিবি রম, ৫২ মেগাপিক্সেলের ডুয়াল ক্যামেরা এবং ৫ হাজার মিলিঅ্যাম্পিয়ারের দীর্ঘস্থায়ী ব্যাটারি। মডেলটি পাওয়া যাবে ডিভাইন গোল্ড, মেরিন ব্লু, অক্সি ব্ল্যাক ও টাইটানিয়াম গ্রে রঙে।

মডেলটি কো-ব্র্যান্ডেড হওয়ায় ডেটা অফার উপভোগের সুযোগ থাকছে। প্রি-ইনস্টল করা মাইজিপি অ্যাপের মাধ্যমে গ্রাহকরা ১৯৯ টাকায় ৩০ দিন মেয়াদসহ ৭ জিবি ইন্টারনেট (৪ জিবি নিয়মিত ডেটা+৩ জিবি সোশ্যাল মিডিয়া) উপভোগ করতে পারবেন। প্যাকটি শুধু কো-ব্র্যান্ডেড স্মার্টফোন ক্রেতারা পাবেন। সক্রিয় হওয়ার পর ছয় মাস পর্যন্ত অফারটি একাধিকবার পাওয়া যাবে।

অ্যাটম ফাইভ মডেলটি বেশ সাশ্রয়ী, বিশেষ করে তরুণদের জন্য। গ্রামীণফোনের চেষ্টা গ্রাহকদের ক্ষমতায়নে তাদের হাতে এমন স্মার্টফোন পৌঁছে দেওয়া যাতে তারা সহজেই সংযুক্ত থাকতে, তথ্য জানতে ও যোগাযোগ রক্ষা করতে পারেন। স্মার্টফোন ‘অ্যাটম ফাইভ’-এর দাম ৮ হাজার ৪৯৯ টাকা। অনলাইনে কেনার ক্ষেত্রে ভ্যাট নেই। গ্রামীণফোন এক্সপেরিয়েন্স সেন্টার, গ্রামীণফোন সেন্টার (জিপিসি), জিপি অনলাইন শপ ও সিম্ফনি আউটলেট থেকে স্মার্টফোনটি কেনা যাবে।

## ২৩ লাখ নারীকে প্রশিক্ষণ দিয়েছে গ্রামীণফোন ও নোকিয়া

দেশের প্রান্তিক অঞ্চলের ২৩ লাখ নারীকে ইন্টারনেট বিষয়ে তথা ডিজিটাল লিটারেসি প্রশিক্ষণ দিয়েছে টেলিযোগাযোগ সেবাদাতা গ্রামীণফোন ও নোকিয়া। উদ্যোক্তারা জানিয়েছেন, নারীকেন্দ্রিক ডিজিটাল লিটারেসি প্রশিক্ষণটি বছরজুড়ে চলবে। প্রচারণার বিশেষ সহযোগী নোকিয়া। প্রচারণায় কাজ করছে নোকিয়া ব্র্যান্ডের বাংলাদেশি বিপণনকারী ও উৎপাদক প্রতিষ্ঠান সেলেক্সট্রা।

টঙ্গীতে সেলেক্সট্রার নিজস্ব কারখানায় এখন তৈরি হচ্ছে নোকিয়া ব্র্যান্ডের প্রচলিত সব মডেল। দেশজুড়ে ইউনিয়ন পর্যায়ে পরিচালিত প্রচারণায় দেশের প্রান্তিক নারীদের ডিজিটাল লিটারেসি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এতে প্রশিক্ষণ পাওয়া নারীরা সঠিকভাবে ইন্টারনেট ব্যবহার এটির ভালো-মন্দ, ব্যক্তিজীবনে ব্যবহার, অনলাইনে কীভাবে নিরাপদ থাকা যায় এসব বিষয় হাতে-কলমে শিখতে পারছেন প্রান্তিক অঞ্চলের নারীরা। একইসাথে যারা উদ্যোক্তা হতে চান, এই প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে প্রযুক্তি বিষয়ে পারদর্শী হয়ে ওঠার সুযোগ পাচ্ছেন। এর মাধ্যমে এখন পর্যন্ত গ্রামীণফোন ১৭টি জেলার ২৩ লাখের বেশি নারীকে ডিজিটাল লিটারেসি প্রশিক্ষণ দিয়েছে। নোকিয়া ব্র্যান্ডের স্মার্টফোনের মধ্যে সি৩২, সি২২ ও সি১২-প্রো মডেল এ প্রচারণায় অন্তর্ভুক্ত। তিনটি মডেলের স্মার্টফোন সুলভ মূল্যে অফারের সঙ্গে ইন্টারনেটের ব্যবহারকে আরো উৎসাহিত করতে ২৬ জিবি ডেটা বান্ডেল (ইন্টারনেট) অফার করছে গ্রামীণফোন। সারাদেশে নারীদের মধ্যে ডিজিটাল সাক্ষরতার হার বাড়াতে ও তাদের মূল অর্থনৈতিক শক্তিতে পরিণত করার লক্ষ্যে দুটি শীর্ষ ব্র্যান্ড কাজ করছে।



## এশিয়ান টেকনোলজি অ্যাওয়ার্ড পেল ‘মাইজিপি’

চলতি বছরে এশিয়ান টেকনোলজি অ্যাওয়ার্ড পেয়েছে টেলিযোগাযোগ সেবাদাতা গ্রামীণফোন। ডিজিটাল-টেলিযোগাযোগ বিভাগে ‘মাইজিপি’ অ্যাপের জন্য স্বীকৃতি পেয়েছে অপারেটরটি। সারাদেশে ডিজিটাল অভিজ্ঞতাকে রূপান্তর করতে ও অ্যাপের মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় সব ডিজিটাল সেবা হাতের মুঠোয় আনতে অ্যাপটি স্বীকৃতি পেয়েছে। এশিয়ান টেকনোলজি অ্যাওয়ার্ড এশিয়ার আয়োজক হচ্ছে এশিয়ান বিজনেস রিভিউ, যারা এশিয়াজুড়ে কয়েকটি খাতে প্রযুক্তিনির্ভর উদ্ভাবনকে পুরস্কৃত করে। ডিজিটাল

ও প্রযুক্তি রূপান্তরে নিজ নিজ খাতে নেতৃত্ব প্রদানকারী সব প্রতিষ্ঠানকে সম্মাননা জানাতে স্বীকৃতি দেওয়া হয়।

মাইজিপি অ্যাপটি তিন কোটির বেশি স্মার্টফোনে ইনস্টল করা। গ্রামীণফোনের সেবা গ্রহণে বিশেষ পরিবর্তন এনেছে মাইজিপি। জিপির ৯৯ শতাংশ সেবাই এখন মাইজিপিতে পাওয়া যায়, যা অ্যাপটিকে বৃহত্তম সেলফ সার্ভিস অ্যাপে পরিণত করেছে। গ্রাহকের প্রয়োজনকে কেন্দ্রে রেখে মাইজিপি অ্যাপটি বাংলাদেশে স্থানীয় মেধাবীরা ডেভেলপ করেছেন। কোটি মানুষের কাছে নিত্যপ্রয়োজনীয় টুল এখন মাইজিপি অ্যাপ। ক্লাউড-নেটিভ আর্কিটেকচারের মাধ্যমে প্রতি সেকেন্ডে আট হাজার লেনদেন প্রক্রিয়াকরণ করতে পারে মাইজিপি অ্যাপ।



## অ্যাপল ওয়াচ ১০ সিরিজের স্মার্টঘড়ি ও নতুন এয়ারপডস

সম্প্রতি নতুন অ্যাপল ওয়াচ, এয়ারপডসও উন্মোচিত হয়েছে। অ্যাপল ওয়াচ সিরিজ ১০-এর স্ক্রিন এখনো পর্যন্ত অ্যাপল ঘড়ির মধ্যে সবচেয়ে বড়। আগের মডেলের তুলনায় ৩০ শতাংশ বড় হওয়ায় ঘড়ির স্ক্রিনে সহজেই ই-মেইল বা বার্তা পড়তে পারবেন ব্যবহারকারী। ওয়াইড অ্যাঙ্গেল, এলইডি ডিসপ্লেসহ এ ঘড়ির পর্দা ৪০ শতাংশ বেশি উজ্জ্বল। সংক্ষেপে ওয়াচ সিরিজ ১০-এর স্ক্রিন আকারে বড় ও উজ্জ্বল এবং গঠনে পাতলা। ওয়াচ সিরিজ ১০-এ রয়েছে বিল্টইন ডেপথ ও ওয়াটার টেম্পারেচার সেন্সর। ঘড়িটির দাম পড়বে ৩৯৯ ডলার বা প্রায় ৪৮ হাজার টাকা।

এইচ-৪ চিপসহ এয়ারপডস ৪-এ ওপেন-ইয়ার ডিজাইনসহ এই এয়ারপডসে অডিওর মান আরো উন্নত। ইউএসবি সি চার্জিং কেসযুক্ত এয়ারপডসে রয়েছে অ্যাকটিভ নয়েজ ক্যানসেলেশন সুবিধা। সাধারণ সংস্করণের এয়ারপডস ৪-এর দাম পড়বে ১২৯ ডলার বা ১৫ হাজার ৫০০ টাকা। আর এএনসি সুবিধাসহ এয়ারপডস ৪-এর দাম পড়বে ১৭৯ ডলার বা ২১ হাজার ৫০০ টাকা।

## এআই প্রযুক্তির নতুন আইফোন ১৬

বহুল প্রতীক্ষিত আইফোন ১৬ লঞ্চ করেছে নির্মাতা প্রতিষ্ঠান অ্যাপল। প্রত্যেক সিরিজের মতোই এই সিরিজেও মোট ৪টি মডেল রয়েছে। সেগুলো হলো আইফোন ১৬, আইফোন ১৬ প্লাস, আইফোন ১৬ প্রো আর আইফোন ১৬ প্রো ম্যাক্স।



এটিই প্রথম আইফোন, যা অ্যাপেল ইন্টেলিজেন্সের মাধ্যমে ডিজাইন করা হয়েছে। এবার অ্যাপল তার আইফোন প্রো মডেলের স্ক্রিন সাইজ এবং ক্যামেরার গুণমানে বড় ধরনের পরিবর্তন এনেছে। আইফোন ১৬ প্রো তে কোম্পানি ৬.৭ ইঞ্চি সুপার রেটিনা এক্সডিআর ডিসপ্লে, ডাইনামিক আইল্যান্ড, ট্রু টোন, পি৩ ওয়াইড কালারের মতো অনেক বিশেষ বৈশিষ্ট্য রয়েছে। প্রসেসরের জন্য অ্যাপল এ১৮ প্রো চিপসেট রয়েছে। কোম্পানির দাবি, এটি স্মার্টফোন ইন্ডাস্ট্রির সবচেয়ে শক্তিশালী প্রসেসর। ফোনের পিছনে একটি ৪৮ মেগাপিক্সেল প্রাথমিক ক্যামেরা রয়েছে, যা ওআইএস সমর্থন করে। এছাড়া ফোনটিতে একটি ৪৮ মেগাপিক্সেল আল্ট্রাওয়াইড অ্যাঙ্গেল ক্যামেরা সেন্সর আছে, যা অটোফোকাসসহ মিলবে। ফোনের তৃতীয় ব্যাক ক্যামেরাটি ১২ মেগাপিক্সেল, যা ৫x টেলিফটো লেন্সের সঙ্গে পাবেন। আইফোন ১৬ কে আকর্ষণীয় করে তুলতে আরো রয়েছে নতুন রং এবং ফিনিশ। উন্নত ব্যাটারি প্রযুক্তি, যা দীর্ঘ সময়ের জন্য চার্জ ধরে রাখতে সক্ষম। নতুন সফটওয়্যার আপডেট, যা নতুন ফিচার ও নিরাপত্তা উন্নতি নিয়ে এসেছে। উন্নত ওএলইডি ডিসপ্লে, যা আরও উজ্জ্বল ও রঙিন। নতুন ইন্টারনেট কানেকটিভিটি এবং উন্নত ব্লুটুথ।

৬ দশমিক ১ ইঞ্চি পর্দার আইফোন ১৬-এর দাম পড়বে সংস্করণভেদে সর্বনিম্ন ৭৯৯ ডলার বা প্রায় ৯৬ হাজার টাকা (প্রতি ডলারের বিনিময়মূল্য ১২০ টাকা ধরে)। আর ৬ দশমিক ৭ ইঞ্চি পর্দার আইফোন ১৬ প্লাসের দাম পড়বে সংস্করণভেদে সর্বনিম্ন ৮৯৯ ডলার বা ১ লাখ ৮ হাজার টাকা। সাদা, কালো, সবুজ, গোলাপি ও নীল রঙে পাওয়া যাবে আইফোন ১৬। আইফোন ১৬ প্রো ও ১৬ প্রো ম্যাক্সের পর্দার আকার যথাক্রমে ৬ দশমিক ৩ ইঞ্চি ও ৬ দশমিক ৯ ইঞ্চি। আইফোন দুটির দাম পড়বে সংস্করণভেদে সর্বনিম্ন ৯৯৯ ডলার বা প্রায় ১ লাখ ২০ হাজার টাকা ও ১ হাজার ১৯৯ ডলার বা ১ লাখ ৪৪ হাজার টাকা।

## লিথিয়াম ব্যাটারি উৎপাদনে হুয়াওয়ে ও ওয়ালটন চুক্তি

বাংলাদেশের টেলিকমখাতের বিটিএসগুলোতে (বেস ট্রান্সসিভার স্টেশন) ব্যবহারের জন্য লিথিয়াম ব্যাটারি উৎপাদনে একটি চুক্তি স্বাক্ষর করেছে হুয়াওয়ে এবং ওয়ালটন। চুক্তির আওতায় ওয়ালটন আগামী সাত মাসের মধ্যে টেলিকম লিথিয়াম ব্যাটারি বাংলাদেশে উৎপাদন ও বাজারজাত করবে। প্রতিষ্ঠানটি বছরে ৮০ হাজার ব্যাটারি উৎপাদনে সক্ষম একটি অত্যাধুনিক ও সম্পূর্ণ স্বয়ংক্রিয় প্রোডাকশন লাইন তৈরি করার পাশাপাশি সারা দেশে এই ব্যাটারির বিক্রয় ও বিক্রয়-পরবর্তী সেবা পরিচালনা করবে। লিথিয়াম ব্যাটারি উৎপাদনের জন্য প্রযুক্তিগত সহায়তা, ডিজাইনের নির্দেশনা, কাঁচামাল ও প্রয়োজনীয় সহায়তা দেবে হুয়াওয়ে।

